



এমটিবি ইয়াকীন  
MTB YAQeen

ব্যক্তিক ও প্রাতিষ্ঠানিক হিসাব খোলার আবেদন ফরম  
(শুধুমাত্র মুদারাবা মেয়াদী জমা ও বিশেষ স্কিম হিসাবের ক্ষেত্রে প্রযোজ্য)

**INDIVIDUAL & NON-INDIVIDUAL ACCOUNT OPENING APPLICATION FORM**  
Applicable for only Mudarabah Term Deposit & Recurring/Savings Schemes

শাখা/উপশাখা Branch/Sub-branch   
তারিখ Date 

D	D	M	M	Y	Y	Y	Y
---	---	---	---	---	---	---	---

The form should be completed in “**ENGLISH CAPITAL**” letters.

ব্যবস্থাপক / Manager  
Mutual Trust Bank Limited

ব্যাংকের ব্যবহারের জন্য (FOR BANK USE ONLY)

Relationship Branch Name Seal

হিসাব নং Account No.	<input type="text"/>
সংযুক্ত হিসাব নং Link Account No.	<input type="text"/>
ইউনিক কাস্টমার আইডি কোড Unique Customer ID Code (UCIC)	<input type="text"/>
বাংলাদেশ ব্যাংক সেক্টর কোড Bangladesh Bank Sector Code	SBS-2 <input type="text"/> CIB <input type="text"/>

প্রিয় মহোদয়/ Muhtaram:

আমি/ আমরা আপনার শাখায়/উপশাখায় একটি হিসাব খোলার জন্য আবেদন করছি। আমার/ আমাদের হিসাব সংক্রান্ত ও ব্যক্তিগত বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছি। (I/We, the undersigned, request and authorize you to open an account in your branch/sub-branch. My/Our account related detailed personal information is furnished below).

হিসাব সংক্রান্ত তথ্য (ACCOUNT RELATED INFORMATION)

১ হিসাবের শিরোনাম Title of Account:  
বাংলায়   
In English

২ গ্রাহকের ধরণ Type of Customer [Put Cross Sign (X)]:  ব্যক্তিক Individual  প্রাতিষ্ঠানিক Non-individual

মুদারাবা টার্ম ডিপোজিট সংক্রান্ত তথ্য [MUDARABAH TERM DEPOSIT (MTD) RELATED INFORMATION]

৩

প্রোডাক্টের নাম Product Name	টাকার পরিমাণ Amount	মুদ্রা Currency	Profit as per Income Sharing Ratio (ISR)	মেয়াদকাল Tenure			মেয়াদপূর্তির তারিখ Maturity Date										
				Year	Month	Day	D	D	M	M	Y	Y	Y	Y			

নবায়ন (Renewal)  
 আসল এবং মুনাফা নবায়ন করুন Principal & Profit Renewal  শুধুমাত্র আসল নবায়ন করুন এবং মুনাফা এই হিসাবে জমা করুন Principal Renewal Only and Credit the Profit to A/C No.   
 স্বয়ংক্রিয় নবায়ন করুন Auto Renewal  অন্যান্য Others  Please specify

মুদারাবা সঞ্চয়ী ডিপোজিট স্কিম সংক্রান্ত তথ্য (RECURRING/SAVINGS DEPOSIT SCHEME RELATED INFORMATION)

৪

স্কিমের নাম Scheme Name	আইএসআর অনুসারে মেয়াদান্তে প্রদেয় Payable at Maturity as per ISR	কিস্তির সংখ্যা (বার্ষিক) No. of Installments	Frequency of Installments	স্কিমের মেয়াদ Period of Scheme		আইএসআর অনুসারে মাসিক প্রদেয় Monthly Payable as per ISR
				Year	Month	

৫ কিস্তির পরিমাণ Amount of Installment:  
In amount  In words

৬ প্রাথমিক জমার পরিমাণ Initial Deposit:  
In amount  In words

৭ ডেবিট একাউন্ট নং Debit (Source) A/C. No.

ব্যাংকের ব্যবহারের জন্য (FOR BANK USE ONLY)

Name of MTB Employee  RM Code

হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ  
Seal with Name, Signature and Date of Account Opening Official

অনুমোদনকারী কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ  
Seal with Name, Signature and Date of Authorized Official



এমটিবি ইয়াকীন  
MTB YAQEEEN

### গ্রাহক ও হিসাব সংক্রান্ত তথ্য (CUSTOMER AND ACCOUNT RELATED INFORMATION)

- ৮ গ্রাহকের বিবরণ Customer Details:  সংযুক্ত হিসাবের অনুরূপ  
Same as link account  ভিন্ন সংযুক্ত হিসাব  
Different from link account (Uupdate information of link account)
- নমিনির বিবরণ Nominee Details:  সংযুক্ত হিসাবের অনুরূপ  
Same as link account  ভিন্ন সংযুক্ত হিসাব  
Different from link account (Attach nominee assignment form, photo & photo ID)
- ৯ অর্থের উৎস/ উৎসসমূহ (সুনির্দিষ্ট ও বিস্তারিত উল্লেখ করুন) Source/ Sources of Fund (Please specify and elaborate):  
Please specify
- ১০ হিসাব খোলার উদ্দেশ্য Purpose of Account Opening:
- ১১ মোট সম্পদ Net Worth (For Non-individual)  ১২ যৌথ হিসাব  হ্যাঁ  না  
Joint Account Yes No
- (Link account is mandatory while opening Mudarabah Term Deposit and Special Scheme. However, in case of joint account, if any one or more applicant(s) do/does not maintain link account with MTB, then submit filled up individual information form, photo ID of that applicant(s).

### ঘোষণা ও স্বাক্ষর (DECLARATION & SIGNATURE)

- ১৩ হিসাব পরিচালনা সংক্রান্ত ঘোষণা (ক্রস দিন) Declaration for Account Operation [Put Cross Sign (X)]:  
 এককভাবে  যৌথভাবে  যে কোন একজন অথবা জীবিতজন  বিশেষ নির্দেশনা (যদি থাকে)  
Singly Jointly Either or Survivor Special Instruction (If any): Please specify
- ১৪ আমি/ আমরা এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, আমি/ আমরা হিসাব সংক্রান্ত যাবতীয় নিয়মাবলী পড়েছি এবং উক্ত নিয়মাবলী/ শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকব। আমি/ আমরা সজ্ঞানে ঘোষণা করছি যে, উল্লিখিত তথ্যাদি সত্য। আমি/ আমরা প্রদত্ত তথ্যের অতিরিক্ত সংশ্লিষ্ট যে কোন প্রয়োজনীয় তথ্য/ দলিলাদি ব্যাংকের চাহিদা মোতাবেক সরবরাহ করব।

(১ম আবেদনকারীর  
পাসপোর্ট সাইজ ছবি)  
1st Applicant's passport size  
recent photograph

(২য় আবেদনকারীর  
পাসপোর্ট সাইজ ছবি)  
2nd Applicant's passport size  
recent photograph

(৩য় আবেদনকারীর  
পাসপোর্ট সাইজ ছবি)  
3rd Applicant's passport size  
recent photograph

স্বাক্ষর Signature	
নাম Name	
তারিখ Date	D D M M Y Y Y Y

১ম আবেদনকারী  
1st Applicant

স্বাক্ষর Signature	
নাম Name	
তারিখ Date	D D M M Y Y Y Y

২য় আবেদনকারী  
2nd Applicant

স্বাক্ষর Signature	
নাম Name	
তারিখ Date	D D M M Y Y Y Y

৩য় আবেদনকারী  
3rd Applicant

### ব্যাংকের ব্যবহারের জন্য (FOR BANK USE ONLY)

Name of MTB Employee  RM Code

হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ  
Seal with Name, Signature and Date of Account Opening Official

অনুমোদনকারী কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ  
Seal with Name, Signature and Date of Authorized Official



হিসাব নং  
Account No.

--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

## এমটিবি ইয়াকিন ইসলামিক ব্যাংকিং মুদারাবা টার্ম ডিপোজিট এবং স্কিম হিসাবের নীতিমালা

### মুদারাবা নীতি

মুদারাবা হলো এমন ব্যবস্থা যাতে এক পক্ষ মূলধন বিনিয়োগ করে এবং অপরপক্ষ তার শ্রম, সময় ও অভিজ্ঞতা ব্যবহার করে। এ পদ্ধতিতে ডিপোজিটরকে 'রব উল মাল' (মূলধনের মালিক) এবং ব্যাংককে 'মুদারিব' (মূলধনের ব্যবস্থাপক) বলে। ব্যাংক আমানতকারীর ঝুঁকিতে সংগৃহীত মুদারাবা ডিপোজিট শরীয়াহসম্মত বিভিন্ন খাতে বিনিয়োগ করে এবং অর্জিত আয় বা মুনাফা চুক্তি অনুপাতে ডিপোজিটরের সাথে শেয়ার করে। ব্যাংক বা তার প্রতিনিধির অবহেলাজনিত কারণ ব্যতীত বিনিয়োগের কোন লোকসান হলে ডিপোজিটর তা বহন করবে।

মুদারাবা ভিত্তিতে পরিচালিত মেয়াদী জমা ও স্কিমসমূহে ডিপোজিট গ্রহণ করা হবে। অর্জিত মুনাফা পূর্বসংগৃহীত আয় বন্টন অনুপাতে Income Sharing Ratio (ISR) মোতাবেক ভাগ করা হবে।

এই চুক্তিপত্র (Agreement) হিসাবধারী(গণ) ও এমটিবি ইয়াকিন-এর মধ্যে সম্পাদিত হলো; যার নিয়ম ও শর্তাবলী (Terms and Conditions) এমটিবি ইয়াকিন ইসলামিক ব্যাংকিং-এর সাথে হিসাব পরিচালনার জন্য প্রযোজ্য। 'হিসাব খোলার ফরম'-এ স্বাক্ষর প্রদান অথবা এই হিসাব পরিচালনা এবং ব্যবহারের মাধ্যমে হিসাবধারী/হিসাব পরিচালনাকারী(গণ) এই চুক্তির সকল নিয়ম ও শর্তসমূহ এবং সময়ে সময়ে সংশোধিত নিয়ম ও শর্তসমূহ মেনে চলতে বাধ্য থাকার সম্মতি প্রদান করলেন। নিম্নে বিশেষ কিছু নিয়ম ও শর্ত প্রদান করা হলোঃ

### মুদারাবাভিত্তিক হিসাবের জন্য বিশেষ নিয়ম ও শর্ত

- মুদারাবা ভিত্তিতে খোলা এই ডিপোজিট অ্যাকাউন্টের জমাকারী বন্টনযোগ্য বিনিয়োগ আয়ের কমপক্ষে----- % অংশ প্রাপ্য হবেন।
- অ্যাকাউন্টটির মেয়াদ শেষ হওয়ার পরবর্তী দিবসে নগদায়ন করা না হলে পরবর্তী একই মেয়াদের জন্য স্বয়ংক্রিয়ভাবে নবায়ন হয়ে যাবে। সে ক্ষেত্রে ঐ সময়ে কার্যকর আয় বন্টন হার (ISR) প্রযোজ্য হবে।
- দৈনিক স্থিতির ভিত্তিতে মুনাফার হিসাব করা হবে এবং বছরে দুই বার - জুন এবং ডিসেম্বরে তা আকলন করা হবে। বছরপূর্তি বা মেয়াদপূর্তিতে মুনাফা উত্তোলন করা না হলে তা মূল টাকার সাথে যুক্ত হয়ে যাবে এবং তা মুনাফা পাওয়ার যোগ্য বিবেচিত হবে।
- ডিপোজিটকারী সঠিকভাবে ও যত্ন সহকারে মুদারাবা টার্ম ডিপোজিট রিসিট সংরক্ষণ করবেন। রিসিট হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে পরবর্তীতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ডিপোজিটর অবশ্যই ব্যাংককে অবহিত করবেন। ব্যাংক বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা পরিপালন করে 'ডুপ্লিকেট' রিসিট ইস্যু করা যেতে পারে। যদি ডিপোজিটের বিষয়টি যথাসময়ে ব্যাংককে অবহিত করতে ব্যর্থ হন, সে ক্ষেত্রে প্রত্যারণার মাধ্যমে উক্ত মেয়াদী ডিপোজিটের বিপরীতে টাকা উত্তোলন করা হলে ব্যাংক দায়ী থাকবে না।
- আয় বন্টনের সম্মত আনুপাতিক হার (ISR) ব্যাংক কর্তৃক পরিবর্তন করা হলে চলমান স্কিম-এর ক্ষেত্রে তা প্রযোজ্য হবে না। পরিবর্তিত হলে (ISR) নতুন করে স্কিম খোলার ক্ষেত্রে এবং নবায়নকৃত-এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- বন্টনযোগ্য বিনিয়োগ আয় (Distributable Investment Income) বলতে বিনিয়োগ আয় থেকে নির্ধারিত হারে 'মুদারাবা ডিপোজিটরদের প্রফিট ইকুয়ালাইজেশন প্রভিশন' বাদ দিয়ে যে আয় অবশিষ্ট থাকে তাকে বুঝাবে। এই প্রভিশনের পরিমাণ ব্যাংক সময়ে সময়ে নির্ধারণ/পুনঃনির্ধারণ করবে।
- ব্যাংক কর্তৃক মাসিক কিস্তি স্বয়ংক্রিয়ভাবে কর্তনের লক্ষ্যে ডিপোজিটকারীকে ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় একটি পৃথক মুদারাবা সঞ্চয়ী লিংক অ্যাকাউন্ট পরিচালনা করতে হবে। সরাসরি স্কিম হিসাবে কিস্তির টাকা জমা দেয়া যায় না। উক্ত সঞ্চয়ী হিসাব থেকে আমানতকারীর স্থায়ী নির্দেশনার (Standing Instruction) -এর মাধ্যমে হিসাব থেকে নিয়মিত কিস্তি কর্তন করা হবে।
- নির্দিষ্ট মেয়াদপূর্তির পর মুনাফাসহ জমাকৃত সমুদয় টাকা একত্রে ডিপোজিটরের লিংক অ্যাকাউন্টে আকলন করে দেয়া হবে।
- সাধারণতঃ মুদারাবাভিত্তিক মেয়াদী হিসাব ও স্কিমের মেয়াদপূর্তির পূর্বে তা নগদায়ন করা যায় না। অনিবার্য কারণবশতঃ গ্রাহক যদি মেয়াদপূর্ব নগদায়ন বা ডিপোজিট উত্তোলন করতে চান সে ক্ষেত্রে পূর্বনির্ধারিত আয় বন্টন হার হ্রাস করা হতে পারে। এজন্য সে সময়ে প্রচলিত 'মেয়াদপূর্ব নগদায়নের নিয়ম'/উত্তোলনের নিয়ম অনুসরণ করে মুনাফা প্রদান করা হবে।
- এছাড়াও ইসলামী শরীয়াহ বর্ণিত মুদারাবা চুক্তির অন্যান্য শর্তাবলীও প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে।

### এমটিবি ইয়াকিন ইসলামিক ব্যাংকিং-এর সকল ধরনের হিসাব পরিচালনার সাধারণ নিয়ম ও শর্ত

- বাংলাদেশে প্রচলিত আইন, ব্যাংকিং রীতি-নীতি এবং ইসলামী শরীয়াহর নীতিমালা অনুযায়ী হিসাবটি পরিচালনা ও নিয়ন্ত্রিত হবে।
- মেয়াদী জমা ও স্কিমের হিসাব খোলার ক্ষেত্রে হিসাবধারী/হিসাব পরিচালনাকারী(গণ)কে যথাযথভাবে প্রয়োজ্য ডকুমেন্টেশন নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট হিসাবের মুনাফা উত্তোলন/স্থানান্তর অথবা নগদায়নের আবেদন নিষ্পত্তির প্রক্রিয়া ব্যাহত হতে পারে।
- নাবালকের নামে মেয়াদী ও স্কিম হিসাব খোলা যাবে। সে ক্ষেত্রে তার অভিভাবক কর্তৃক হিসাবটি পরিচালিত হবে। তবে নাবালক হিসাবধারী প্রাপ্তবয়স্ক হলে হিসাবধারী কর্তৃক হিসাবটি পরিচালিত হবে।

আমি/আমরা এই মর্মে ঘোষণা প্রদান করছি যে, মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ ও (সংশোধন) ২০১৫ এবং স্বাস্থ্যসিঁড়ি আইন ২০০৯, ২০১২ ও (সংশোধন) ২০১৩ সম্পর্কে সম্পূর্ণ সচেতন ও জ্ঞাত আছি। আমি/আমরা উল্লিখিত আইনসমূহের কোনো ধারার বিপরীত/লঙ্ঘনপূর্বক কোন কাজ বা লেনদেন সম্পাদন করবো না। আমি/আমরা এই ফরমে এবং চুক্তিপত্রে উল্লিখিত নিয়ম ও শর্তসমূহ পুরোটাই পড়েছি এবং সম্পূর্ণভাবে বন্ধুতে সক্ষম হয়েছি এবং এই হিসাবের সাথে সংশ্লিষ্ট নিয়ম ও শর্ত মেনে চলতে সম্মত রয়েছি। উল্লিখিত নিয়ম ও শর্তসমূহে ব্যাংক কর্তৃক সময়ে সময়ে আনীত/সাধিত সংশোধনী ও সংযোজনীও আমি/আমরা যথাযথভাবে মেনে চলতে বাধ্য থাকবো।

আমরা উভয়পক্ষ উক্ত নিয়মাবলী এবং এতদসংক্রান্ত প্রচলিত সকল আইন মেনে চলতে রাজি হয়ে নিম্নে স্বাক্ষর করে এই চুক্তিনামা সম্পাদন করলাম।

স্বাক্ষর Signature	
নাম Name	
তারিখ Date	D D M M Y Y Y Y

১ম আবেদনকারী 1st Applicant

স্বাক্ষর Signature	
নাম Name	
তারিখ Date	D D M M Y Y Y Y

২য় আবেদনকারী 2nd Applicant

স্বাক্ষর Signature	
নাম Name	
তারিখ Date	D D M M Y Y Y Y

৩য় আবেদনকারী 3rd Applicant



এমটিবি ইয়াকিন  
MTB YAQEEN

## GENERAL TERMS AND CONDITIONS

### Mutual Trust Bank Limited (MTB)

Where the account is opened by more than one person, "Me" or "My" shall be read as "We" or "Us" or "Our". The terms and conditions shall bind each one individually or anyone or more or all of them, collectively and all agreements, obligations and liabilities of the joint Customers are joint and separate. Accounts shall be subject to the provisions of the laws of land and guidelines & instructions issued by the competent authorities as well as Shari'ah guidance approved by MTB Shari'ah Supervisory Committee.

### General Instructions

1. While existing Customer(s) open(s) a new account the Bank shall replicate necessary information of the said customers from the previous/link account opening form(s).
2. Account(s) upon which attachment order(s) or other legal notice(s) prohibiting operation of the account(s) has/have been received from the competent authority will be ruled off and no further operation will be allowed till such time as the prohibiting order is removed.

### Payment of Installment (Applicable for Recurring/Savings Deposit Schemes)

1. The Bank shall not be responsible for informing the depositor(s) to maintain adequate balance in his/her/their link account(s) to pay the installments.
2. The Bank reserves the right to close any recurring deposit scheme account for non-payment of total six (06) installments.

### Bank Accounts & Profit

1. In respect of accounts opened in the name of minors (whether or not jointly with an individual who is not a minor), the Bank shall be entitled to act on the instructions received from the guardian named in the account opening form, irrespective of whether the minor account holder continues to be a minor or not, unless the Bank receives written notice to the contrary from an appropriate person.
2. The Bank may continue to rely upon the information provided in the account opening form until it is notified to the contrary by any one or more of the Joint Customers and, if it deems necessary, has been able to advise everyone whom it considers to be affected by it.

3. The amount payable at maturity/closure shall be paid subject to the deduction of tax, excise duty etc. imposed by the Government from time to time.

### Qard Facility

Qard facility may be allowed against lien/pledge on such instrument at the Bank's prescribed Income Sharing Ratio (ISR).

### Lien

If this MTD or Recurring/Saving Deposit Scheme is under lien by me/us for serving any qard, then the Bank shall be at liberty to encash this MTD or Recurring/Saving Deposit Scheme at any time and adjust the qard if the qard liability is not adjusted on due time and/or renew the MTD or Recurring/Saving Deposit Scheme without any further instruction from me/us till the expiry of the qard and thereafter encash this MTD or Recurring/Saving Deposit Scheme and adjust the qard if the qard is not settled by me/us before expiry.

### Encashment, Renewal & Withdrawal

1. Unless prior written notice is received by the Bank, on the due date the deposit will be automatically renewed at the discretion of the Bank without notice for the same period at the prevailing rate of profit. However, special savings/recurring deposit scheme will not fall under the purview of this.
2. In case of early encashment, any additional amount already paid to the customer will be adjusted with the principal amount.

### Indemnity

I also agree to fully indemnify the Bank against all costs and expenses (including legal fees) arising in any way in connection with the above accounts, these terms and conditions or, in enforcing these terms and conditions and in recovering of any amount due to the Bank or incurred by the Bank in any legal proceeding of whatever nature.

## এমটিবি ইয়াকিন ইসলামিক ব্যাংকিং মুদারাবা টার্ম ডিপোজিট এবং স্কিম হিসাব মেয়াদ পূর্তির পূর্বে নগদায়নের (PRE-MATURE ENCASHMENT) নীতিমালা

সাধারণভাবে মুদারাবাভিত্তিক মেয়াদী হিসাব ও স্কিম হিসাব মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করা যায় না। অনিবার্য কারণবশতঃ গ্রাহক যদি মেয়াদপূর্ব নগদায়ন বা ডিপোজিট উত্তোলন করতে চান তাহলে তা 'গ্রাহক কর্তৃক মুদারাবা চুক্তি ভঙ্গ' হিসেবে গণ্য করা হবে এবং শরীয়াহর আলোকে এমন ক্ষেত্রে গ্রাহক আংশিক সময়ের জন্য কোন মুনাফা দাবি করতে পারেন না। তদুপরি ব্যাংক বিশেষ বিবেচনায় (Making Ihsan) এরূপ ক্ষেত্রে পূর্বনির্ধারিত আয় বন্টন হার (ISR) হ্রাস করে আংশিক সময়ের মুনাফা প্রদান করতে পারে। আংশিক ডিপোজিট উত্তোলন বা কুরদ গ্রহণের ক্ষেত্রে পৃথক নীতিমালা প্রযোজ্য হবে।

গ্রাহক যদি একান্তই মুদারাবাভিত্তিক মেয়াদী হিসাব বা স্কিম হিসাব নির্দিষ্ট মেয়াদের পূর্বে নগদায়ন করতে চান সেক্ষেত্রে নিম্নবর্ণিত 'মেয়াদপূর্ব নগদায়নের নিয়ম' অনুসরণ করে মুনাফা বন্টন করা হবে। নবায়নকৃত হিসাব পরবর্তী মেয়াদ পূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রেও এই নীতি অনুসরণ করে মুনাফা প্রদান করা হবে।

বিভিন্ন মুদারাবা টার্ম ডিপোজিট (MTD) এবং মুদারাবা স্কিমের স্ব স্ব নিয়ম, ওয়েটেজ, বিনিয়োগ সময়কাল প্রকৃতি ও নগদায়নের সময়ের উপর ভিত্তি করে মুনাফা প্রদান করা হবে। মেয়াদপূর্ব নগদায়নের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নির্ধারিত ফি সমূহ প্রদান করতে হবে। নিম্নে বিশেষ কিছু সেবার মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের শর্তসমূহ প্রদান করা হলোঃ

### এমটিবি ইয়াকিন মুদারাবা টার্ম ডিপোজিট হিসাব-এর ক্ষেত্রে

১. ৩ মাস, ৬ মাস এবং ১ বছর মেয়াদী হিসাব ১ মাস পূর্তির পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না। হিসাব খোলার ১ মাসের পর নগদায়ন করা হলে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের ক্ষেত্রে অর্জিত মুনাফার সমান করে মুনাফা প্রদান করা হবে।
২. ২ বছর, ৩ বছর, ৪ বছর, ৫ বছর, ১০ বছর এবং ১৫ বছর মেয়াদী হিসাব ৩ মাস পূর্তির পূর্বে নগদায়ন করা হলে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের ক্ষেত্রে অর্জিত মুনাফার হারে মুনাফা প্রদান করা হবে। ১ বছর পূর্ণ হওয়ার পর নগদায়ন করার ক্ষেত্রে যত বছর পূর্ণ হয়েছে তত বছরের হিসাবের জন্য প্রযোজ্য আইএসআর অনুযায়ী মুনাফা প্রদান করা হবে।

### এমটিবি ইয়াকিন মুদারাবা টার্ম ডিপোজিট (প্রাতিষ্ঠানিক)-এর ক্ষেত্রে

৩. হিসাব খোলার পর ১ মাস পূর্তির পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না।
৪. ৩ মাস, ৬ মাস এবং ১ বছর মেয়াদী হিসাব ১ মাস পর কিন্তু ৩ মাসের পূর্বে নগদায়ন করা হলে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের ক্ষেত্রে অর্জিত মুনাফার সমান হারে মুনাফা প্রদান করা হবে।
৫. ৬ মাস এবং ১ বছর মেয়াদী হিসাব ৩ মাস পর কিন্তু ৬ মাসের পূর্বে নগদায়ন করা হলে ৩ মাস মেয়াদী প্রাতিষ্ঠানিক মুদারাবা টার্ম ডিপোজিট অ্যাকাউন্টের সমান হারে মুনাফা প্রদান করা হবে।
৬. ১ বছর মেয়াদী হিসাব ৬ মাস পর নগদায়ন করা হলে ৬ মাস মেয়াদী প্রাতিষ্ঠানিক টার্ম ডিপোজিট অ্যাকাউন্টের সমান হারে মুনাফা প্রদান করা হবে।

### এমটিবি ইয়াকিন মুদারাবা ত্রৈমাসিক মুনাফা প্রদান স্কিম-এর ক্ষেত্রে

৭. হিসাব খোলার পর ৬ মাস পূর্ণ হওয়ার পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না।
৮. হিসাব খোলার ৬ মাস পর মেয়াদপূর্ব নগদায়ন করা হলে সংশ্লিষ্ট সময়ের জন্য মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের মুনাফা হারে মুনাফা প্রদান করা হবে।
৯. মেয়াদপূর্ব নগদায়নের ক্ষেত্রে পূর্ববর্তী মাসসমূহের প্রদত্ত মুনাফা আসলের সাথে সমন্বয় করে অবশিষ্ট অর্থ লিংক হিসাবে জমা করা হবে।

### এমটিবি ইয়াকিন মুদারাবা সিনিয়র সেভিংস স্কিম-এর ক্ষেত্রে

১০. হিসাব খোলার পর ১ বছর পূর্ণ হওয়ার পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না।
১১. হিসাব খোলার ১ বছর অতিক্রান্ত হওয়ার পর অথচ ২ বছর পূর্ণ হওয়ার পূর্বে নগদায়নের ক্ষেত্রে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের মুনাফার হারে মুনাফা প্রদান করা হবে।
১২. হিসাব খোলার ২ বছর পর মুদারাবা সিনিয়র সেভিংস স্কিম মেয়াদপূর্ব নগদায়নের ক্ষেত্রে যত বছর পূর্ণ হয়েছে তত বছরের মুনাফা আইএসআর অনুযায়ী প্রদান করা হবে। যেমন: কোন একজন গ্রাহক ১০ বছরের জন্য একটি মুদারাবা স্কিম খুলেছেন কিন্তু তিনি মেয়াদ পূর্তির আগেই অর্থাৎ ৯ বছর ৩ মাস ১৫ দিনে হিসাবটি নগদায়ন করতে চান, সেক্ষেত্রে তিনি পূর্ববর্তী ধাপ অনুযায়ী মুনাফা পাবেন (ধরুন পূর্ববর্তী ধাপ হলো ৮ বছর)। অবশিষ্ট ১ বছর ৩ মাস ১৫ দিনের মুনাফা মুদারাবা সঞ্চয়ী হিসাব অনুযায়ী প্রদান করা হবে।
১৩. একাধারে ৬ মাস কিন্তু টাকা জমা না হলে স্কিম হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। প্রযোজ্য ক্ষেত্রে উল্লিখিত হারে মুনাফাযুক্ত হয়ে আসলসহ সমুদয় টাকা লিংক হিসাবে জমা হয়ে যাবে।

### এমটিবি ইয়াকিন মুদারাবা হজ্জ/উমরাহ সঞ্চয় স্কিম-এর ক্ষেত্রে

১৪. হিসাব খোলার পর ১ বছর পূর্ণ হওয়ার পূর্বে নগদায়ন করা হলে কোন মুনাফা প্রদান করা হবে না।
১৫. হজ্জ পালন ব্যতীত অন্য উদ্দেশ্যে, হিসাব খোলার ১ বছর অতিক্রান্ত হওয়ার পর এবং মেয়াদপূর্তির পূর্বে হিসাব নগদায়নের ক্ষেত্রে মুদারাবা সেভিংস অ্যাকাউন্টের মুনাফার হারে মুনাফা প্রদান করা হবে।
১৬. হজ্জ বা উমরা পালনের উদ্দেশ্যে, হিসাব খোলার ১ বছর অতিক্রান্ত হওয়ার পর অথচ মেয়াদপূর্তির পূর্বে হিসাব নগদায়নের ক্ষেত্রে কোন কর্তন ব্যতীত প্রতিশনকৃত সমুদয় মুনাফা প্রদান করা হবে।

আমি/আমরা এই মর্মে ঘোষণা প্রদান করছি যে, এমটিবি ইয়াকিন ইসলামিক ব্যাংকিংয়ের অধীনে পরিচালিত মুদারাবাভিত্তিক মেয়াদী হিসাব বা স্কিম হিসাবের 'মেয়াদপূর্ব নগদায়নের নিয়ম' সম্পর্কে আমি/আমরা সম্পূর্ণ সচেতন ও জ্ঞাত আছি। আমি/আমরা এই নিয়ম পুরোটাই পড়েছি এবং সম্পূর্ণভাবে বুঝতে সক্ষম হয়েছি এবং মেনে চলতে সম্মত হয়ে নিম্নে স্বাক্ষর করে এই চুক্তিনামা সম্পাদন করলাম।

স্বাক্ষর Signature	
নাম Name	
তারিখ Date	D D M M Y Y Y Y

১ম আবেদনকারী 1st Applicant

স্বাক্ষর Signature	
নাম Name	
তারিখ Date	D D M M Y Y Y Y

২য় আবেদনকারী 2nd Applicant

স্বাক্ষর Signature	
নাম Name	
তারিখ Date	D D M M Y Y Y Y

৩য় আবেদনকারী 3rd Applicant